# বোরখা versus হাফপ্যান্ট-স্যান্ডোগেঞ্জি

আমরা কথায় কথায় একটি ফ্রেজ (phrase) ব্যবহার করে থাকি যেমন ‘‘প্রত্যেকটা জিনিসেরই একটা লিমিট (limit) আছে।’’ ম্যাথেমেটিক্সের ভাসায় এই লিমিট কে বিশ্লেষন করলে দেখা যায় যে এর extreme দুইটি side থাকে। যাদেরকে বলা হয় lower bound (-∞) এবং upper bound (+∞). যে কোন জিনিসেরই extreme point গুলো unstable হয়। যেমন জমির আল নিয়ে সব সময় গন্ডগোল হয়। নীচের টেবিলের সাইডগুলো (edge) লক্ষ্য করুন। টেবিলের বাম সাইডকে যদি আমরা lower bound ধরি তাহলে ডান সাইডকে upper bound ধরতে হবে। এটা শুধুই নোটেশানের ব্যাপার। এর বিপরীতটাও ধরা যেতে পারে। অর্থাৎ, দুইটা সাইড একই। একটি বলকে টেবিলের উপর ছেড়ে দিয়ে দেখুন যে বলটা যখনই একটি সাইডে (-∞ or +∞) চলে আসবে তখনই নীচে পরে যাবে। অর্থাৎ, বলটা যে কোন একটি সাইডে যাওয়ার পর আর টেবিলের উপর থাকতে পারছে না, unstable হয়ে যাচ্ছে।




**Table**

মিডল ইষ্ট এবং আফগানিস্তানের মহিলারা দেখা যায় যে বোরখা পরে (তাঁবুর মত আপাদমস্তক ঢাকা)। এদের দেখলে মনে হয় কোন গ্রহ থেকে বিতাড়িত এক ধরনের অভিশপ্ত প্রাণী! আদম-হাওয়ার মত এরাও মনে হয় পাপের প্রায়শ্চিত্ত করছে। এরা মানব জাতি থেকে সেপারেটেড। এরা সৃষ্টিকর্তার (ঈশ্বর/ভগবান/আল্লাহ/গড/ন্যাচার) সৃষ্ট আলো-বাতাস থেকে বঞ্চিত। আর পুরুষরাও লম্বা আলখিল্লা, ঘাড়ে জান্নাতি (সুন্নতি?) রুমাল, এবং মাথায়ও একটা রুমাল ব্যবহার করে। মিডল ইষ্ট এবং আফগানিস্তানে সম্ভবত পুরুষ এবং মহিলাদের গায়ে মোটামুটি সমান-সমান কাপড় থাকে।

অন্যান্য দেশে মহিলারা যেখানে বোরখা পরে সেখানে পুরুষদের তুলনায় মহিলাদের গায়ে কাপড় বেশীই থাকে। গায়ে অতিরিক্ত কাপড় থাকার জন্য এই মহিলাদেরকে আমি upper limit (+∞) হিসাবে ধরছি।

যারা উন্নত বিশ্বের দেশগুলোতে থাকেন তারা একটা ব্যাপার নিশ্চয় লক্ষ্য করে থাকবেন। এখানে মহিলারা পুরুষদের চেয়ে কম কাপড় পরিধান করে। পুরুষ-মহিলা যখন পাসাপাসি হাঁটে তখন লক্ষ্য করবেন যে পুরুষ মানুষটা ঠিকই ফুল-প্যান্ট এবং শার্ট অথবা টি-শার্ট পরে আছে। যারা হাফ-প্যান্ট পরে তাদের বেশীরভাগকেই দেখবেন যে হাফ প্যান্টটা হাঁটু বরাবর অথবা হাঁটুর কিছুটা নীচেই থাকে এবং খুব ঢিলেঢালাও হয়। আর নাভি, বুক, ইত্তাদি খুলে রাখার তো প্রশ্নই ওঠে না। অথচ মহিলাকে দেখবেন যে খুবই টাইট ছোট্ট একটা হাফ-প্যান্ট (হাঁটুর ৫-৭" উপরে) পরে কোন ভাবে লজ্জা স্থানটা ঢেকে রেখেছে। আর গায়ের অবস্থাও অথৈবচ। কেহ কেহ স্যান্ডো গেঞ্জি টাইপের টাইট কিছু একটা পরে, কেহ কেহ খুবই সর্ট এবং টাইট শার্ট পরে, কেহ কেহ টি-শার্ট পরে, কেহ কেহ আবার শুধুই বিকিনি পরে। যে যেটাই পরুকনা কেন অনেকেই আবার বুক, ঘাড়, বাহু, এবং নাভির একটা অংশ

খোলা রাখে। কেন খোলা রাখে জানিনা!!! এরা আবার পুরুষদের চেয়ে আলো-বাতাস একটু বেশীই ভোগ করে! ওভারঅল ছেলেদের চেয়ে মেয়েদের গায়ে কাপড় কমই থাকে। এই মহিলাদেরকে আমি lower limit (-∞) হিসাবে ধরছি।

ইন্ডিয়া এবং বাংলাদেশের মহিলাদের বেশীরভাগই শাড়ি এবং সালোয়ার-কামিজ পরে (হিন্দু-মুসলিম-বৌদ্ধ-খৃষ্টান নির্বিশেষে)। যারা শাড়ি পরে তাদের শাড়ির একটা বড় অংশ কোমরে পেঁচানো থাকে এবং কিছুটা অংশ অনেকে মাথার উপরও দিয়ে রাখে। আর যারা সালোয়ার-কামিজ পরে তারা সাথে একটা ওড়না ও ব্যবহার করে যার একটা অংশ কেহ কেহ আবার মাথায় দিয়ে রাখে। পুরুষরা সাধারণতঃ লুঙ্গি (ধুতি)-পাঞ্জাবি, পাজামা-পাঞ্জাবি, শার্ট-ফুলপ্যান্ট, এই জাতিয় কাপড় পরে থাকে। তুলনা করলে দেখা যাবে যে পুরুষ এবং মহিলারা মোটামুটি সমান-সমান কাপড় পরিধান করে থাকে।

**এই পৃথিবীর কোন আলেম-ওলামার বাপের সাধ্য আছে যারা কোরাণ-হাদিসের আলোকেই দেখাতে পারবে যে, ইন্ডিয়া-বাংলাদেশের মহিলারা যে পোশাক পরিধান করে সেটা আন-ইসলামিক??? কোরাণ-হাদিসের কোথাও কি ইসলামিক ড্রেস নামে পার্টিকুলার কোন ড্রেস কোডের কথা বলা আছে??? সেটাও আবার শুধুই মহিলাদের জন্য?!**

আমাদের মা-বোনদের ৯৫% ই সম্ভবত জানেনা যে বোরখা-হিজাব কোন কোন এলাকার ট্র্যাডিশনাল ড্রেস। খুব সম্ভবত আয়াতুললাহ খোমেনীর সময় থেকে এই ড্রেসগুলো ''ধর্মীয় ড্রেসকোড'' হিসাবে মুসলিম বিশ্বে বিস্তার লাভ করা শুরু করে যেটা অনেকেই জেনে বা না জেনে এ্যাকসেপ্ট করেছে। আফটার অল, ধর্মের মোড়ক দেখে অনেকেই তো আবার বেহুঁস হয়ে পড়ে!!

যেটা বলছিলাম, একদল পুরুষ চ্যাসটিটির (chastity) নামে মহিলাদের গায়ে অতিরিক্ত কাপড় চড়াইয়া তাদেরকে দশজন মানুষ থেকে আলাদা করে ইনফেরিওর ক্রিয়েচার হিসাবে প্রতিস্থাপন করছে। তারা মনে করে মহিলাদেরকে কাপড় দিয়ে মোড়াইয়া রাখলেই বুঝি তারা সতি থেকে যাবে!

আরেকদল পুরুষ নিজেদের গায়ে কাপড় ঠিক রেখে মহিলাদের গা থেকে ধীরে ধীরে কাপড় সরাইয়া ফেলছে। কেহ কেহ বলতে পারে এই মহিলারা নিজেরাই গা থেকে কাপড় সরাইয়া ফেলছে। আমি তাদের সাথে একমত নই। আমার ধারণা এটা পুরুষদেরই কাজ যারা অতি সূক্ষ্ম ভাবে এটি করছে।

চিন্তা করুন, পুরুষটা হাঁটছে ফুলপ্যান্ট এবং শার্ট পরে আর সাথে মহিলাটা হাঁটছে হাফপ্যান্ট এবং স্যান্ডোগেঞ্জি/বিকিনি পরে?!

অথবা,

পুরুষটা হাঁটছে ফুলপ্যান্ট এবং শার্ট পরে আর সাথে মহিলাটা হাঁটছে তাঁবু (বোরখা) পরে?!

দুই ক্ষেত্রেই কিন্তু পুরুষের ড্রেস মোটামুটি ঠিকই আছে কিন্তু মহিলাদের ড্রেসগুলো দেখুন!

এর দ্বারা কি কিছুই মিন করে না??

একদল তাদের মহিলাদেরকে বুঝাইছে যে তারা ''Modest'' এবং ''Honored''।
আরেকদল হয়তো তাদের মহিলাদেরকে বুঝাইছে যে তারা ''Free''।

আমি মনে করি মহিলারা উপরোক্ত দুটি দলের কাছেই জিম্মি, তাদের হাতের খেলার পুতুল।

ধন্যবাদ।

**রায়হান।**